

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৬১

কৈলাসহর, ১২, জানুয়ারি, ২০২৪

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা
মৎস্যচাষীদের আইসবক্স সহ মোটর সাইকেল

প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় চলতি অর্থবছরে কৈলাসহর মহকুমার মৎস্যচাষীদের বিভিন্ন সহায়তা দেওয়া হয়েছে। এই যোজনায় গৌরনগর ব্লকের ৩ জন মৎস্যচাষীকে ও চন্ডিপুর ব্লকের ৩ জন মৎস্যচাষীকে উৎপাদিত মাছ বাজারজাত করার জন্য আইসবক্স সহ মোটর সাইকেল দেওয়া হয়েছে। এর জন্য মোট ব্যয় হয়েছে ২ লক্ষ ২৫ হাজার টাকা। তাছাড়া এই যোজনায় গৌরনগর ব্লকের ১ জন ও চন্ডিপুর ব্লকের ১ জন মৎস্যচাষীকে আইসবক্স সহ অটোরিক্সা দেওয়া হয়েছে। এরজন্য মোট ব্যয় হয়েছে ৩ লক্ষ টাকা। কৈলাসহর মহকুমা মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয়ের মৎস্য আধিকারিক অঞ্জন দাস এই সংবাদ জানান।
